ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৪৭৬

খোয়াই, ২২ আগস্ট, ২০২৫

## পদ্মবিলে তাঁত বুননের উপর প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধন

খোয়াই মহকুমা জনজাতি কল্যাণ কার্যালয়ের উদ্যোগে গতকাল পদ্মবিল আরডি ব্লকের অন্তর্গত মনাইখর কমিউনিটি হলে জনজাতি সম্প্রদায়ের ঐতিহ্যবাহী তাঁত বুনন, নকশা তৈরি বিষয়ক ৩০ দিনের কর্মশালা ও প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধন হয়। উদ্বোধন করেন পদ্মবিল আরডি ব্লকের উপদেষ্টা কমিটির চেয়ারম্যান প্রশান্ত দেববর্মা। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খোয়াই জেলা কল্যাণ আধিকারিক রূপাঞ্জন দাস, পদ্মবিল ব্লক উন্নয়ন আধিকারিক অমিত কুমার জমাতিয়া প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পদ্মবিল আরডি ব্লকের উপদেষ্টা কমিটির ভাইস চেয়ারম্যান সরজিত দেববর্মা। প্রধান অতিথির ভাষণে প্রশান্ত দেববর্মা তাঁর বক্তব্যে বলেন, আমাদের জনজাতি নারীদের ঐতিহ্যবাহী তাঁত বুনন শুধু সংস্কৃতির পরিচর্যা নয়, তা অর্থনৈতিক স্বনির্ভরতার অন্যতম উপায়ও। আধুনিক নকশা ও নান্দনিকতার সমন্বয়ে এই শিল্পকে নতুন উচ্চতার নিয়ে যাওয়া সম্ভব হবে বলে তিনি আশা ব্যক্ত করেন। স্বাগত ভাষণে খোয়াই মহকুমা কল্যাণ আধিকারিক নৃপেন্দ্র দেববর্মা বলেন, এই ধরণের প্রশিক্ষণ কর্মশালা ত্রিপুরা রাজ্যের প্রতিটি মহকুমায় আয়োজন করা হচ্ছে, যাতে জনজাতি মহিলারা তাঁত বুননের মাধ্যমে আত্মনির্ভরতার পথে এগিয়ে যেতে পারেন। অন্যান্য অতিথিরাও তাদের বক্তব্যে এই ধরণের কর্মশালার ভূয়সী প্রশংসা করেন। উক্ত কর্মশালায় স্থানীয় ২০ জন জনজাতি মহিলা অংশগ্রহণ করেন।

*******